



স্মারক নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০১০.২০-৮৪৬

তারিখঃ ২০ আশ্বিন ১৪২৭
৫ অক্টোবর ২০২০

বিষয়ঃ বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সকল কার্যালয়ের নন-গেজেটেড সরকারি কর্মচারীদের বেতন-ভাতার বিল অনলাইনে দাখিল এবং ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে বেতন-ভাতাদির অর্থ পরিশোধ।


সূত্রঃ SPFMS কর্মসূচি কার্যালয়ের স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.৪০.০৩৫-২০-১০৩; তারিখ: ০১.১০.২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ রূপকল্প বাস্তবায়নের অংশ হিসেবে অর্থ বিভাগ কর্তৃক প্রণীত Integrated Budget and Accounting System (iBAS++)-এর মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় এবং অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয়ের কর্মচারীসহ মাঠপর্যায়ের কতিপয় দপ্তরের কর্মচারীদের বেতন-ভাতার বিল অনলাইনে দাখিল ও EFT-এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। এরই ধারাবাহিকতায়, আগামী ডিসেম্বর, ২০২০ মাসের মধ্যে ৮টি বিভাগের বিভাগীয় পর্যায়ে অফিসসমূহ, আগামী জানুয়ারি, ২০২১ মাসের মধ্যে ৬৪টি জেলার জেলা পর্যায়ে অফিসসমূহ এবং আগামী এপ্রিল, ২০২১ মাসের মধ্যে উপজেলা পর্যায়ে অফিসসমূহে নিয়োজিত সকল নন-গেজেটেড সরকারি কর্মচারীদের বেতন-ভাতার বিল অনলাইনে দাখিল এবং EFT-এর মাধ্যমে বেতন-ভাতাদির অর্থ পরিশোধের উদ্যোগ নেয়া হয়েছে। নভেল করোনা ভাইরাস পরিস্থিতির কারণে এ উদ্যোগ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ডিভিওদেরকে Zoom Platform-এর মাধ্যমে ভার্চুয়াল প্রশিক্ষণ প্রদান করা হবে।

২। উল্লেখ্য, বর্ণিত উদ্যোগ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট ডিভিওদেরকে প্রশিক্ষণ প্রদানের জন্য একটি প্রশিক্ষণ সূচি (Road Map) এবং প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য iBAS++-এর ট্রেনিং মডিউলের অনলাইন রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণে অংশগ্রহণের পদ্ধতি প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। বর্ণিত প্রেক্ষাপটে, অর্থ বিভাগ কর্তৃক 'Strengthening Public Financial Management Program to Enable Service Delivery (SPFMS)' শীর্ষক কর্মসূচির আওতায় বাস্তবায়নাধীন 'ইম্প্লুভমেন্ট অব পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিস ডেলিভারি থ্রু ইমপ্রিমেন্টেশন অব BACS & iBAS++' শীর্ষক ক্রিমের অর্থাৎ অর্থ বিভাগ কর্তৃক প্রণীত Integrated Budget and Accounting System (iBAS++)-এর মাধ্যমে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সকল কার্যালয়ের নন-গেজেটেড সরকারি কর্মচারীদের বেতন-ভাতার বিল অনলাইনে দাখিল এবং ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT)-এর মাধ্যমে বেতন-ভাতাদির অর্থ পরিশোধের নিমিত্ত সংশ্লিষ্ট আয়ন-বায়ন কর্মকর্তা (ডিভিও)-দের জন্য সংযুক্ত সূচি অনুযায়ী আরোজিতব্য ভার্চুয়াল/অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা


(মোঃ তোহিদুল ইসলাম)
উপসচিব
৯৫৬৩১৮৬

ই-মেইল: touhiduli@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৮. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা